## স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

**পঞ্চম পত্র ( 5th Paper : Prabandha Sahitya O Shailibignan )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) ''কমুনিজম্ সেই বৃক্ষের ফল, ইন্টারন্যাশনাল সেই বৃক্ষের ফল'' — প্রসঙ্গ উল্লেখ করে পঠিত প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিশদ ব্যাখ্যা করুন।

(খ) ''কমেডির হাস্য এবং ট্র্যাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে'' — পঠিত প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির যথার্থতা উপযুক্ত দৃষ্টান্তসহ নির্ণয় করুন।





(গ) দর্শন এবং সাহিত্যের প্রেক্ষিতে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সুখ ও দুঃখের যে স্বরূপ নির্ধারণ করেছেন তার পরিচয় দিন।

(ঘ) গোপাল হালদারের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে সংস্কৃতির সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ লিপিবদ্ধ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ভারতীয় অলঙ্কারশাস্ত্রোক্ত রীতিবাদে কি আধুনিক শৈলীবিজ্ঞানের কোনো সূত্র নিহিত আছে ? আপনার অভিমত যুক্তিসহ লিখুন।

(খ) নব্য-সমালোচনা বা নব্য-অবয়ববাদের মূল বিষয়টি সূত্রাকারে লিখুন।

(গ) শৈলীবিজ্ঞানে প্রয়োজনীয় উপলক্ষের মানক সম্বন্ধে বিশদ আলোচনা করুন।

(ঘ) কবিতার শৈলীবিচারের পদ্ধতিসমূহ উপযুক্ত দৃষ্টান্তসহযোগে সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) গদ্যের শৈলীবিচারের প্রেক্ষিতে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর প্রবন্ধের গদ্যশৈলী বিষয়ে একটি নিবন্ধ লিখুন।

(চ) ছোটগল্পের শৈলীবিচারের সূত্রগুলি উল্লেখ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১৫০** শব্দে) ঃ

৭ × ৪ = ২৮

(ক) 'ভেজাল ও নকল' প্রবন্ধ অবলম্বনে রাজশেখর বসুর সমাজচিন্তার পরিচয় দিন।

(খ) 'সমস্ত রূপক ও বর্ণনা বাহুল্যের অন্তরালে আমাদের বঙ্গদেশের পরিবার ও সমাজের একটি নিখুঁত ছবি ইহার মধ্যে পাওয়া যায়।' — প্রয়োজনীয় দৃষ্টান্তসহ 'রূপকথা'-ধৃত এই মন্তব্যের ব্যাখ্যা করুন।

(গ) বাঙালি কি কেবলই ভাব-প্রবণ জাতি ? আপনার অভিমত যুক্তিসহ লিখুন।

(ঘ) লোককথা-বিশ্লেষণের প্রসঙ্গে কী কী পদ্ধতি গ্রহণ করা যায়, সুকুমার সেন-এর পঠিত প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করুন।

(ঙ) কাজী আবদুল ওদুদের অনুসরণে কেশবচন্দ্র সেনের নববিধান আন্দোলন এবং ব্রাহ্মসমাজের বিষয়টি বাংলার নবজাগরণে কী ভূমিকা পালন করেছিল লিখুন।

(চ) প্রকৃত পাঠকের বিশেষত্ব এবং বই পড়ার প্রয়োজনীয়তা নিয়ে বুদ্ধদেব বসুর অভিমতের গ্রহণযোগ্যতা বিচার করুন।